

জবি ছাত্রদের জন্য কেরানীগঞ্জে ১০ তলা হল হবে

-শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য কেরানীগঞ্জে ১০ তলা হল হবে। এই হলে এক হাজার ছাত্র থাকতে পারবে। এছাড়া ক্যাম্পাসে ২০ তলা একাডেমিক ভবন করা হবে।

মন্ত্রী জানান, ২৭৪ কোটি ১০ লাখ টাকায় এমন একটি প্রকল্প প্রস্তাব তৈরি করা হয়েছে। এ প্রকল্পের মেয়াদ ধরা হয়েছে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত। হল নির্মাণের এই প্রকল্প প্রস্তাব জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় উঠবে।

গতকাল রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতাদের সঙ্গে বৈঠকের পর শিক্ষামন্ত্রী সাংবাদিকদের এসব তথ্য জানান। ১৩ সদস্যের শিক্ষক প্রতিনিধি দলের নেতৃত্ব দেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক কাজী সাইফুদ্দীন। শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মন্ত্রী জানান, মেয়েদের জন্য ১৭ তলা একটি হোস্টেল হচ্ছে। এ হোস্টেলের ১১ তলা পর্যন্ত হয়ে গেছে।

আগের কেন্দ্রীয় কারাগারের জায়গায় হল নির্মাণে শিক্ষার্থীদের দাবির বিষয়ে মন্ত্রী বলেন, এটা আমাদের জায়গা নয়, এটা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জায়গা। সে বিষয়ে কোনো সিদ্ধান্ত দেয়া সম্ভব নয়। সভায় শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন বলেন, একনেকের অনুমোদন পেলে আশা করছি প্রকল্পটি চলতি বছরের শেষের দিকে শুরু করতে পারব। 11